# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘন্টা ৩০ মিনিট — মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ 'ক' এলাকার শাসক তার অল্পবয়সী দৌহিত্রকে উত্তরাধিকারী মনোনীত করলে নিকট আত্মীয়স্বজন ও ব্যবসায়ীরা তার বিরুদ্ধে ষড়যন্ত্র ও চক্রান্ত শুরু করে। বণিক শ্রেণির কিছু লোক ব্যবসার উদ্দেশ্যে বাহির থেকে আগমন করে ষড়যন্ত্র ও চক্রান্তের সুযোগ কাজে লাগিয়ে শাসন ক্ষমতা দখল করে নেয়। যার ফলাফল ছিল সুদূরপ্রসারী।

ক. সামাজিক অনুশাসনের দাপটে কারা ব্যাপকভাবে পিছিয়ে ছিল? ১

খ. ঔপনিবেশিক শাসন বলতে কী বোঝায়? বর্ণনা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত বণিক শ্রেণির বিজয়ের কারণগুলো ব্যাখ্যা করো। ৩

ঘ. "বাংলায় এ বণিক শ্রেণির শাসনের ফলাফল ছিল সুদূরপ্রসারী।"— বিশ্লেষণ করো। ৪

২. ▶ মহাবিদ্রোহের পর কোম্পানির শাসনের অবসান ঘটে। বাংলার ব্রিটিশ সরকারের শাসন শুরু হলে বঙ্গীয় আইনসভার উদ্ভবসহ বাংলায় নবজাগরণের সূত্রপাত ঘটে। জ্ঞান-বিজ্ঞান, সাহিত্য-সংস্কৃতি প্রভৃতি ক্ষেত্রে উন্নতির পাশাপাশি স্বদেশি, স্বরাজ, অসহযোগ প্রভৃতি আন্দোলনের উদ্ভব ঘটে। ব্রিটিশ বিরোধী এ নিরবচ্ছিন্ন ধারাবাহিক আন্দোলনের ফলে ব্রিটিশ শাসনের অবসান ঘটে।

ক. ব্রিটিশ ভারতের প্রথম ভাইসরয় কে ছিলেন? ১

খ. মাৎস্যন্যায়ের যুগ কী? বর্ণনা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত নবজাগরণের উদ্ভব ও তার ফলাফল ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ব্রিটিশ শাসনের চূড়ান্ত পরিণতি বিশ্লেষণ করো। ৪

৩. ★ আমেরিকার প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন তার গেটিসবার্গ ভাষণে বলেন, 'The Government of the people, by the people, for the people'। এটি একটি কালজয়ী ভাষণ, যা চিরস্মরণীয় হয়ে আছে।

ক. মুক্তিযুদ্ধের সময় ঢাকা কত নং সেক্টরের অধীনে ছিল? ১

খ. বঙ্গবন্ধুর স্বাধীনতার ঘোষণার বর্ণনা দাও। ২

https://teachingbd24.com

গ. উদ্দীপকের উক্ত ভাষণের সাথে একজন বাঙালি নেতার যে ভাষণের মিল রয়েছে তার বিভিন্ন দিক ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত ভাষণের গুরুত্ব ও প্রতিক্রিয়া বিশ্লেষণ করো। ৪

৪. ★ জনাব 'ক' গ্রাম থেকে এসএসসি জেলা শহর থেকে এইচএসসি ও বিভাগের একটি শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয় থেকে শিক্ষা শেষ করে একটি প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে চাকরি করছেন। এই সুদীর্ঘ পথ চলায় তার আচার-আচরণ, কথাবার্তা, খাদ্য, বাসস্থান, পোশাক-পরিচ্ছদ প্রভৃতি ক্ষেত্রে বৈচিত্র পরিলক্ষিত হয়। এক্ষেত্রে তিনি তার পূর্বের কিছু নিজস্ব সত্তা ধরে রেখেছেন নতুন অনেক বিষয় গ্রহণও করেছেন।

ক. কখন বাংলা গদ্যের সূচনা হয়? ১

খ. পুঁথি সাহিত্য কী? বর্ণনা করো। ২

গ. উদ্দীপকের জনাব 'ক' এর মাধ্যমে যে বিষয়টি উপস্থাপিত হয়েছে তার ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত বিষয়ের পরিবর্তনশীলতার কারণগুলো পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

৫. ★ রাতুলের সামনেই অর্ধবার্ষিক পরীক্ষা। ফলাফল ভালো করার জন্য সে যেমন নিয়মিত স্কুলে শ্রেণি শিক্ষকের পাঠদান মনোযোগের সাথে লক্ষ করে আবার সহপাঠী বন্ধু-বান্ধবের কাছ থেকেও সাহায্য পায়। তার বাবা-মা সব সময়ই তাকে সময় দেয়ার চেষ্টা করে। অপরদিকে কর্মজীবী বাবা-মায়ের সন্তান শফিক লেখাপড়ার চেয়ে ইন্টারনেট, ফেসবুক ইত্যাদি নিয়েই বেশি সময় কাটায়, যা তার ফলাফলে নেতিবাচক প্রভাব ফেলেছে।

ক. অভিভাবন কাকে বলে? ১

খ. সামাজিকীকরণে স্থানীয় সমাজের ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. রাতুলের সামাজিকীকরণে যে উপাদানগুলোর প্রভাব রয়েছে উদ্দীপকের আলোকে তা বর্ণনা করো। ৩

ঘ. শফিকের ফলাফল খারাপ হওয়ার ক্ষেত্রে যে উপাদানটি দায়ী তার ইতিবাচক দিকও রয়েছে— বিশ্লেষণ করো। ৪

৬. ▶ জামাল 'A' দেশের নাগরিক। সে কৃষিকাজ করে জীবিকা নির্বাহ করে। তার উৎপাদিত শস্য দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। অপর দিকে কামাল 'B' দেশে নির্মাণ শ্রমিক হিসেবে কাজ করে। তার প্রেরিত অর্থ পারিবারিক সচ্ছলতার পাশাপাশি দেশের বিনিয়োগ বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।


https://teachingbd24.com

ক. মানব উন্নয়ন সূচক কী? ১
খ. দারিদ্র্যের দুষ্টচক্রের ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে জামালের নির্দেশিত খাত ছাড়া আর কোন কোন খাত জাতীয় আয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে? ৩
ঘ. কামাল ও জামাল উভয়ই দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখে— বিশ্লেষণ করো। ৪

৭.▶ ১৯৭২ সালের ১০ এপ্রিল গণপরিষদের প্রথম অধিবেশনে ড. কামাল হোসেনকে সভাপতি করে সংবিধান প্রণয়ন কমিটি গঠন করা হয়। এ কমিটি মাত্র ছয় মাসের মধ্যে জাতিকে একটি সংবিধান উপহার দিতে সক্ষম হয়। যে সংবিধান মূলনীতিসহ বিভিন্ন বৈশিষ্ট্যের মহিমান্বিত।

ক. নিয়মতান্ত্রিক রাজতন্ত্রের সংজ্ঞা দাও। ১
খ. গণতান্ত্রিক সরকারের পরিচয় দাও। ২
গ. উদ্দীপকের উল্লিখিত সংবিধান প্রণয়নের পটভূমি ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সংবিধানের বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৪

৮.▶



ক. এইচসিএফসি এর পূর্ণরূপ লেখো। ১
খ. ওজোন স্তরের গুরুত্ব বর্ণনা করো। ২
গ. উদ্দীপকের চিত্রে প্রদর্শিত দুর্যোগটির কারণসমূহ ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের চিত্রে প্রদর্শিত দুর্যোগটি প্রাণীজগতের জন্য হুমকিস্বরূপ— বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৯.▶

- E (উদ্যোগ)
- নারী শিক্ষার প্রসার
- বিয়ে রেজিস্ট্রেশন

- F (উদ্যোগ)
- বাল্যবিবাহ রোধ
- প্রশিক্ষণ ও টিকা প্রদান

ক. জাতীয় জনসংখ্যা দিবস কবে পালিত হয়? ১

খ. জনসংখ্যা নীতি বলতে কী বোঝায়? বর্ণনা করো। ২

গ. উদ্দীপকের 'E' অংশের যে উদ্যোগের কথা বলা হয়েছে তা কীভাবে জনসংখ্যা নিয়ন্ত্রণে সহায়তা করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. একটি দেশের জনসংখ্যা নিয়ন্ত্রণে 'E' ও 'F' উভয় উদ্যোগের ভূমিকাই গুরুত্বপূর্ণ— বিশ্লেষণ করো। ৪

১০.▶ বাংলাদেশ প্রাকৃতিক সম্পদে তেমন সমৃদ্ধ নয়। এ দেশে মৃত্তিকা, নদনদী ও সমুদ্র, বনানী, খনিজ ও মৎস্য অন্যতম প্রধান প্রাকৃতিক সম্পদ। তবে অতিরিক্ত জনসংখ্যা ও তাদের অযাচিত হস্তক্ষেপের ফলে বন উজাড় ও নদী, জলাশয় ভরাট হচ্ছে এবং সেই সাথে জীববৈচিত্র্য নষ্ট/ধ্বংস হচ্ছে। অথচ প্রাকৃতিক সম্পদের ওপর ভিত্তি করেই একটা আর্থ-সামাজিক সকল অগ্রগতি সাধিত হয়।

Teachingbd24.com

ক. বাংলাদেশের মোট বনভূমির পরিমাণ কত? ১

খ. বাংলাদেশের খনিজ সম্পদের বর্ণনা দাও। ২

গ. উদ্দীপকে কোন সম্পদ ধ্বংসের কথা বলা হয়েছে? উক্ত সম্পদ নষ্টের কারণসমূহ লেখো। ৩

ঘ. উদ্দীপকের শেষ লাইনটি মূল্যায়ন করো। ৪

১১.▶

| শিল্প | প্রতিষ্ঠাকাল | অর্থনৈতিক গুরুত্ব |
|---|---|---|
| ক<br>খ | ১৯৫১ সালে<br>৮০'র দশকে | কৃষি ও শিল্পের উন্নয়ন এবং কর্মসংস্থানের সৃষ্টি |

ক. প্রাকৃতিক সম্পদ কী? ১

খ. জীববৈচিত্র্যের ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে যে শিল্পের কথা বলা হয়েছে তার অবস্থা ব্যাখ্যা করো। ৩

ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে উক্ত শিল্পসমূহ কীভাবে ভূমিকা রাখতে পারে? ব্যাখ্যা করো। ৪

https://teachingbd24.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ ফখরুদ্দিন মোবারক শাহ কখন বাংলায় স্বাধীন সুলতানি শাসন শুরু করেন?
ক) ১২৩৮ সালে  খ) ১৩৩৮ সালে
গ) ১৪৩৮ সালে  ঘ) ১৫৩৮ সালে

২. ঔপনিবেশিক শাসনের বৈশিষ্ট্য হচ্ছে—
i. দখলদার শক্তি যথাসম্ভব চিরস্থায়ীভাবে শাসন করে
ii. যত বেশি সম্ভব ধন-সম্পদ নিজ দেশে পাচার করে
iii. জনগণ বিক্ষুব্ধ হয়ে উঠলে ছেড়ে চলে যায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

৩. কোন ইংরেজ গভর্নর এ দেশে শিক্ষা বিস্তারসহ আধুনিক জ্ঞান-বিজ্ঞান চর্চার সূচনা করেন?
ক) রবার্ট ক্লাইভ  খ) ওয়ারেন হেস্টিংস
গ) উইলিয়াম বেন্টিংক  ঘ) লর্ড ডালহৌসি

৪. কত সালে চিরস্থায়ী বন্দোবস্ত চালু হয়?
ক) ১৭৯৩  খ) ১৭৩৭
গ) ১৮৯৩  ঘ) ১৮৩৭

৫. কখন স্বাধীন বাংলাদেশের মানচিত্র খচিত পতাকা উত্তোলিত হয়?
ক) ৭ ডিসেম্বর,১৯৭০  খ) ১ মার্চ, ১৯৭১
গ) ২ মার্চ, ১৯৭১  ঘ) ৭ মার্চ, ১৯৭১

৬. মুক্তিযুদ্ধের সময় ঢাকা কত নং সেক্টরের অধীনে ছিল?
ক) ২নং  খ) ৩নং
গ) ৪নং  ঘ) ৫নং

**নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**
মহান মুক্তিযুদ্ধ চলাকালে রাশেদ সাহেব ৮নং সেক্টরের অধীনে যুদ্ধ করেছিলেন। তিনি ছিলেন তৎকালীন ইস্ট বেঙ্গল রেজিমেন্টের একজন সদস্য।

৭. উদ্দীপকে রাশেদ সাহেব কোন পর্যায়ের মুক্তিবাহিনীর সাথে যুক্ত ছিলেন?
ক) গণবাহিনী  খ) মুজিব বাহিনী
গ) মুক্তিফৌজ  ঘ) ক্র্যাক প্লাটুন

৮. উক্ত সেক্টরের অধীনে যে জেলাগুলো রয়েছে—
i. কুষ্টিয়া-ফরিদপুর
ii. যশোর-পটুয়াখালী
iii. যশোর-কুষ্টিয়া
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

৯. কোন যুগ থেকে আমাদের স্থাপত্যে ইরানি প্রভাব পড়তে থাকে?
ক) মোঘল যুগ  খ) সুলতানি যুগ
গ) ব্রিটিশ যুগ  ঘ) বর্তমান যুগ

১০. প্রাচীন বাংলার কোন কাপড় বিদেশে রপ্তানি হত?
ক) দুরিয়া  খ) এলাচি
গ) উতানি  ঘ) কার্পাস

১১. ★ সামান্তর সুষ্ঠু বিকাশের জন্য তার বাবা তাকে বুলবুল সঙ্গীত শিক্ষা কেন্দ্রে ভর্তি করে দেন। সামান্তার ক্ষেত্রে কোন উপাদানের প্রভাব রয়েছে?
ক) পরিবার  খ) সহপাঠী
গ) স্থানীয় সমাজ  ঘ) সমবয়সী সঙ্গী

১২. বাংলা গদ্যের সূচনা হয় কবে?
ক) আঠারো শতকে  খ) উনিশ শতকে
গ) বিংশ শতকে  ঘ) সতেরো শতকে

১৩. অভিভাবন বলতে বোঝায়—
i. নিজের ধ্যান-ধারণাকে অন্যের মধ্যে প্রবিষ্ট করা
ii. ভাষা, উচ্চারণ ও বাচনভঙ্গি আয়ত্ব করা
iii. অন্যের আচার-আচরণকে নিজের মতো করে পরিচালিত করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

১৪. ছবি বিনিময় করা হয় কীসের মাধ্যমে?
ক) এসএমএস  খ) ই-কমার্স
গ) ভিডিও চ্যাট  ঘ) ফেসবুক

১৫. সংবিধানের সর্বশেষ সংশোধনী কখন গৃহীত হয়?
ক) ৩ জুলাই, ২০১১
খ) ৩০ জুন, ২০১১
গ) ২২ সেপ্টেম্বর, ২০১৪
ঘ) ১৬ আগস্ট, ২০১৬

teachingbd24.com

১৬. বাংলাদেশে আয়ভিত্তিক বৈষম্যের হার কত?
ক ১৫.১%　　খ ২৮.৩%
গ ২৫.৯%　　ঘ ৩৫%

১৭. ★ মানব উন্নয়ন পরিস্থিতিকে আরও উন্নত করার জন্য প্রয়োজন—
i. খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ
ii. কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা
iii. কারিগরি ও প্রযুক্তি খাতে বিনিয়োগ বৃদ্ধি করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ ii ও iii
গ i ও iii　　ঘ i, ii ও iii

১৮. ★ 'SDG' শব্দটির পূর্ণরূপ কী?
ক Sustainable Development Goal
খ Sustain Development Goal
গ Sustatinable Development
ঘ Super Development goal

নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:
সরকার পরিচালনায় 'ক' বিভাগ আইনের বাস্তবায়ন করে এবং অন্যান্য দেশের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রাখে। অন্যদিকে 'খ' বিভাগের সর্বোচ্চ স্তর হলো সুপ্রিম কোর্ট।

১৯. উদ্দীপকে উল্লিখিত 'ক' বিভাগ হলো—
ক আইন বিভাগ　　খ শাসন বিভাগ
গ বিচার বিভাগ　　ঘ স্থানীয় বিভাগ

২০. উদ্দীপকে উল্লিখিত 'খ' বিভাগের কাজ—
i. সংবিধান ব্যাখ্যা করে
ii. নাগরিক অধিকার রক্ষা করে
iii. অভ্যন্তরীণ শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে কাজ করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ ii ও iii
গ i ও iii　　ঘ i, ii ও iii

২১. সুনামি শব্দটি কোন ভাষার?
ক ইংরেজি　　খ চাইনিজ
গ জাপানি　　ঘ ফরাসি

২২. গত এক শতাব্দীতে বায়ুমণ্ডলে কার্বন ডাই-অক্সাইডের পরিমাণ শতকরা কত বেড়েছে?
ক ২০ ভাগ　　খ ২৫ ভাগ
গ ৫০ ভাগ　　ঘ ১০০ ভাগ

২৩. কোন জেলাতে ভূমিধসের আশঙ্কা বেশি?
ক নেত্রকোনা　　খ টাঙ্গাইল
গ কুমিল্লা　　ঘ গাজীপুর

২৪. বাংলাদেশের প্রথম চিনিকল কোথায় প্রতিষ্ঠিত হয়?
ক নাটোর　　খ দর্শনা
গ মোবারকগঞ্জ　　ঘ গোপালগঞ্জ

২৫. শিল্প কারখানা প্রতিষ্ঠার জন্য প্রয়োজন—
i. প্রচুর মূলধন
ii. দক্ষ জনশক্তি
iii. পর্যাপ্ত ইন্টারনেট সুবিধা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ ii ও iii
গ i ও iii　　ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:
সামিন ও তার বন্ধুরা শীতকালীন ছুটিতে সিলেট গেল এবং খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রতিষ্ঠিত একটি বিশেষ শিল্প কারখানা দেখল।

২৬. উক্ত কারখানটি কত সালে প্রতিষ্ঠিত হয়?
ক ১৯৪১　　খ ১৯৪৭
গ ১৯৫৩　　ঘ ১৯৬১

২৭. উক্ত কারখানাটির পরিচয় হলো—
i. কৃষির উন্নতিতে ভূমিকা রাখে
ii. কাঁচামাল হলো প্রাকৃতিক গ্যাস
iii. উৎপাদিত পণ্য বিদেশে রপ্তানি করা হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ ii ও iii
গ i ও iii　　ঘ i, ii ও iii

২৮. জনশক্তিকে জনসম্পদে পরিণত করার ক্ষেত্রে সাফল্য দেখিয়েছে কোন দেশ?
ক চীন ও মালয়েশিয়া　　খ ভারত ও শ্রীলঙ্কা
গ ভারত ও থাইল্যান্ড　　ঘ বাংলাদেশ ও ভারত

২৯. ২০০৯ সালে স্বাক্ষরতার হার কতছিল?
ক ৫৪.৮%　　খ ৫৮.৮%
গ ৬১.৮%　　ঘ ৬২.৮%

৩০. বর্তমান সময়ে সারা পৃথিবীতে শিশু ও মাতৃমৃত্যুর হার হ্রাসের কারণগুলো কী?
ক জনগণের সচেতনতার ফলে
খ পরিবার পরিকল্পনার ফলে
গ উৎপাদন বৃদ্ধির কারণে
ঘ চিকিৎসা ব্যবস্থার উন্নতির ফলে

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | গ | ৪ | ক | ৫ | গ | ৬ | ক | ৭ | গ | ৮ | গ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | গ |
| ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | খ | ২১ | গ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ |

Teachingbd24.com